



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস উদ্ঘাপন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ মার্চ ২০২৩ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্ঘাপিত হয়েছে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩। দিবসটি উপলক্ষে সকাল ১০:৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিন্দু শুধু নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এবং ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভূঠান্ব। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, লাইব্রেরিয়ান, প্রাধ্যক্ষবৃন্দ, প্রক্টর, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এরপর পুষ্পস্তবক অর্পণে অংশ নেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বিভিন্ন বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুরেসা মুজিব হল, হ্রেড ১১-১৬ ও হ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বিভিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের স্তম্ভদের সংগঠন উত্তরাধিকারসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন। এর আগে সকাল ১০টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলণ্ডসহ বিএনসিসি সদস্যদের গার্ড অব অনার এহণ করেন উপাচার্য মহোদয়। এরপর বরিশাল বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব কর্তৃক আয়োজিত স্বাধীনতা দিবস কুইজ প্রতিযোগিতা ও আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় বলেন, বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা একইস্তে গাঁথা। কারন বঙ্গবন্ধু বাঙালীর স্বাধীকার আন্দোলনকে স্বাধীনতা আন্দোলনে পরিণত করেছিলেন এবং আমাদেরকে একটি স্বাধীন রাষ্ট্র উপহার দিয়েছিলেন। আমরা যদি আমাদের মন ও মননে এবিষয়গুলোকে উপলক্ষ্য করে সে আলোকে জীবনকে পরিচালিত করতে পারি তাহলেই এ দেশটি ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ তথ্য সমূহ বাংলাদেশে পরিণত হবে। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভূঠান্ব। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন এবং শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন। ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশাসের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক ড. শফিউল আলম, প্রক্টর ড. খোরশেদ আলম, শেখ হাসিনা হলের প্রভোস্ট ড. রেহানা পারভীন, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডাঃ তানজীন হোসেন, হ্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহজাদা খান ও হ্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার। বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপের সঞ্চালনায় সভায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। সভা শেষে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) আয়োজিত স্বাধীনতা দিবস সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও দিবসটি উপলক্ষে সকল মুক্তিযোদ্ধা ও শহীদদের স্মরণে দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া-মোনাজাত এবং মন্দিরে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩ খ্রিস্টাব্দ

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস